NOV. 20 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# অধ্যক্ষ মুহুরী হত্যা মামলার আসামি শিবির ক্যাডার ছোট সাইফুল গ্রেফতার

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম মহানগরীর হালিশহর এলাকা থেকে পুলিশ শিবিরের দুর্ধর্ষ ক্যাডার সাইফুল ওরফে ছোট সাইফুলকে গ্রেফতার করেছে। সে চাঞ্চল্যকর গোপাল কৃষ্ণ মুহুরী হত্যা



গ্রেফতার : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫

## গ্রেফতার : শিবির ক্যাডার

(শেষ পৃষ্ঠার পর)

মামলার কিলিং স্কোয়াডের সদস্য ছিল। এছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নেতা আলী মর্তুজা হত্যা মামলারও পলাতক আসামি সে। সোমবার সন্ধ্যায় হালিশহর এ ব্লকের ১ নং সড়কের ৯ নং লেইনে অবসরপ্রাপ্ত এক সেনা কর্মকর্তার বাড়ি থেকে পুলিশ তাকে গ্রেফতার করে। সাইফুল বায়েজিদ বোস্তামীর কুলগাঁও বালুচরা এলাকার মৃত সৈয়দুর রহমানের পুত্র। সে শিবির ক্যাডার সাজ্জাদের সহযোগী।

হালিশহর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ আলী জানান, দু'মাস ধরে দুর্ধর্ষ শিবির ক্যাডার সাইফুল সস্ত্রীক মাত্র ১৮০০ টাকা ভাড়ায় ওই বাসায় থাকত। সোমবার তিনি ওই এলাকায় নিয়মিত টহলদানকালে স্থানীয় লোকজন সাইফুলের কথা জানায়। খবর পেয়ে ইফতারের আগে ওই বাসায় হানা দিয়ে তাকে আটক করে নিয়ে আসা হয়। এ সময় সে নিজেকে পারভেজ মনির, পিতার নাম আবদুল হালিম বলে জানায়। এর মধ্যে হাটহাজারী এলাকার কিছু লোক খবর পেয়ে থানায় যায় এবং তার বিভিন্ন অপকর্মের বর্ণনা দেয়। রাতভর জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে সে কলেজ অধ্যক্ষ গোপাল কৃষ্ণ মুহুরী হত্যা মামলার চার্জশিটভুক্ত আসামি বলে স্বীকার করে। পুলিশ তাকে গতকাল মঙ্গলবার ৫৪ ধারায় গ্রেফতার দেখিয়ে আদালতে সাতদিন রিমান্ডের আবেদন জানায়।

পুলিশ জানিয়েছে, শিবির ক্যাডার সাইফুল পাঁচলাইশে সাইফুল হত্যা মামলা, মুহুরী হত্যা মামলা, আলী মর্তুজা হত্যা মামলাসহ বিআরটিএ কর্মচারী মোস্তাফিজ অপহরণ মামলা এবং বহদ্দারহাট এলাকায় একটি গাছের দোকানে চাঁদাবাজি ও ত্রাস সৃষ্টি মামলার আসামি। প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে তার কাছে একে-৪৭ রাইফেল থাকার কথা স্বীকার করেছে। পুলিশ তার বাসা থেকে নগদ ৪০ হাজার টাকাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ কাগজপত্র উদ্ধার করে। নগরীর চকবাজার মতি টাওয়ারে এক লাখ ৭০ হাজার টাকা দিয়ে সে একটি ফ্ল্যাট কিনেছে বলে পুলিশের কাছে স্বীকার করেছে। পুলিশ বলছে, জয়েন্ট ইন্টারোগেশন সেলে এনে তাকে জিজ্ঞাসাবাদ করা হলে চাঞ্চল্যকর আরও তথ্য এবং দুর্ধর্ষ ক্যাডারদের অস্ত্র ভাণ্ডার সম্পর্কে তথ্য পাওয়া যাবে।